Bangladesh
জেলা শিল্পকলা একাডেমি, সিলেট
shilpakala.sylhet.gov.bd

নম্বর : ৪৩.২০.৯১০০.০০১.১৬.০০১.২০.৮৮

তারিখ : ২২ জ্যৈষ্ঠ ১৪২৯ / ০৫ জুন ২০২২

## সম্পাদিত কার্যক্রমের প্রতিবেদন : মে ২০২২

**০১। রবীন্দ্র জন্মবার্ষিকী উদ্‌যাপন :** সিলেটে যথাযোগ্য মর্যাদায় বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের ১৬১তম জন্মবার্ষিকী উদ্‌যাপিত হয়। রবীন্দ্র জন্মবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষে জেলা শিল্পকলা একাডেমি সিলেটের উদ্যোগে ৮ মে সকাল ১০:৩০টায় নগরীর পূর্ব শাহী ঈদগাহস্থ জেলা শিল্পকলা একাডেমি মিলনায়তনে কবির প্রতি শ্রদ্ধাঞ্জলি নিবেদন স্বরূপ গান, কথা, কবিতা ও নৃত্যের সমন্বয়ে আয়োজন করা হয় কবি প্রণাম অনুষ্ঠানের। জেলা কালচারাল অফিসার সিলেট অসিত বরণ দাশ গুপ্তের সভাপতিত্বে মঙ্গল প্রদীপ প্রজ্জ্বলনের মাধ্যমে অনুষ্ঠানের মাঙ্গলিক উদ্বোধন করেন প্রধান অতিথি সিলেটের জেলা প্রশাসক মোঃ মজিবর রহমান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশিষ্ট শিক্ষাবিদ ও লোকসংস্কৃতি গবেষক অধ্যাপক ডক্টর আবুল ফতেহ ফাত্তাহ। এরপরপরই আবৃত্তিশিল্পী নাফিসা তানজীনের সঞ্চালনায় রবীন্দ্রনাথ ঠাকুর রচিত গান, কবিতা এবং গানের সাথে নৃত্যের সমন্বয়ে সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয়। এতে জেলা শিল্পকলা একাডেমির সংগীত, নৃত্য ও আবৃত্তি বিভাগ, জাতীয় রবীন্দ্রসংগীত সম্মিলন পরিষদ, একাডেমী ফর মণিপুরী কালচার এন্ড আর্টস, সুরের ভুবন, ললিত মঞ্জরী ও নৃত্যরথ দলীয় পরিবেশনা উপস্থাপন করেন। একক পরিবেশনায় ছিলেন সুদীপ্তা পাল শাঁওলী।

**০২। বিশ্ব নৃত্য দিবস উদযাপন :** 'সংস্কৃতির শক্তি মানবতার মুক্তি' এই প্রতিপাদ্যকে ধারণ করে বিশ্ব নৃত্য দিবস ২০২২ উদ্‌যাপন উপলক্ষে সিলেট জেলা শিল্পকলা একাডেমির উদ্যোগে নগরীর পূর্ব শাহী ঈদগাহস্থ সিলেট জেলা শিল্পকলা একাডেমি মিলনায়তনে ১২ মে বিকাল ৫টায় আয়োজন করা হয় নৃত্য উৎসব ২০২২ অনুষ্ঠানের। জেলা কালচারাল অফিসার অসিত বরণ দাশ গুপ্তের সভাপতিত্বে উৎসবের উদ্বোধনী পর্বে আমন্ত্রিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ নৃত্যশিল্পী সংস্থা সিলেটের সভাপতি অনিল কিষণ সিংহ; সম্মিলিত সাংস্কৃতিক জোট সিলেটের সাধারণ সম্পাদক গৌতম চক্রবর্ত্তী ও সম্মিলিত নাট্য পরিষদ সিলেটের সাধারণ সম্পাদক রজত কান্তি গুপ্ত। এতে শুভেচ্ছা বক্তব্য রাখেন একাডেমি ফর মণিপুরী কালচার এন্ড আর্টস-এর সাধারণ সম্পাদক শান্তনা দেবী। উদ্বোধনী পর্বে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন নৃত্যালয় সিলেটের পরিচালক শিনিয়া সাহা ঝুমা, নৃত্যকণা ফেঞ্চুগঞ্জের পরিচালক মো. জসিম উদ্দীন; ললিত-মঞ্জরী সিলেটের পরিচালক প্রতিভা রায় কেয়া; নৃত্যাঞ্জলি সিলেটের পরিচালক রবিউল আউয়াল রবি ও নৃত্যরথ সিলেটের প্রশিক্ষক পপি দাস। মঙ্গল প্রদীপ প্রাজ্জ্বলনের মাধ্যমে উদ্বোধনের পর উৎসবের দ্বিতীয় পর্বে আবৃত্তিশিল্পী পদ্মশ্রী দে-র উপস্থাপনায় দলীয় নৃত্য পরিবেশন করেন জেলা শিল্পকলা একাডেমির নৃত্য শিশু ও সাধারণ বিভাগ; একাডেমী ফর মণিপুরী কালচার এন্ড আর্টস; নৃত্যকণা, ফেঞ্চুগঞ্জ, নৃত্যাঞ্জলি, ললিত-মঞ্জরী ও নৃত্যরথ সিলেটের শিল্পীবৃন্দ। পিনপতন নিরবতা ও মুহুর্মুহু করতালির মাধ্যমে আগত হলভর্তি দর্শক অভিনন্দিত করেন শিল্পীদের।

**০৩। সংস্কৃতি বিষয়ক লেকচার ওয়ার্কশপ আয়োজন :** রবীন্দ্রসঙ্গীতে শাস্ত্রীয়, লোক ও পাশ্চাত্য সঙ্গীতের প্রভাব বিষয়ক লেকচার ওয়ার্কশপ ১৬ মে বিকাল ৩:৩০টা থেকে সন্ধ্যা ৬:৩০টা পর্যন্ত সিলেট জেলা শিল্পকলা একাডেমি মিলনায়তনে অনুষ্ঠিত হয়। লেকচার ওয়ার্কশপটি পরিচালনা করেন ভারতের রবীন্দ্র-ভারতী বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ে রবীন্দ্রসঙ্গীতে কৃতিত্বপূর্ণ ফলাফল অর্জনকারী ৩ কৃতি রবীন্দ্রসঙ্গীত শিল্পী জয়ীতা তালুকদার, প্রিয়াঙ্কা ভৌমিক ও সুদীপ্তা পাল শাঁওলী। এতে একাডেমির সংগীত শিশু ও সাধারণ বিভাগের ১২০ জন শিক্ষার্থী অংশগ্রহণ করেন।

**০৪। স্কুল শিক্ষক ও ছাত্র ছাত্রীদের নিয়ে উচ্চারণ ও নন্দনতত্ত্ব বিষয়ক কর্মশালা আয়োজন :** বাংলাদেশ শিল্পকলা একাডেমির উদ্যোগে এবং জেলা শিল্পকলা একাডেমির ব্যবস্থাপনায় ১৮ ও ১৯ মে ২০২২ সিলেটে অনুষ্ঠিত হলো ২ দিনব্যাপী উচ্চারণ ও নন্দনতত্ত্ব বিষয়ক কর্মশালা। বিশিষ্ট শিক্ষাবিদ, লোকসংস্কৃতি গবেষক ও মদনমোহন কলেজের প্রাক্তন অধ্যক্ষ অধ্যাপক ড. আবুল ফতেহ ফাত্তাহ এবং বিশিষ্ট বাচিকশিল্পী ও সিলেট সরকারি মহিলা কলেজের প্রাক্তন অধ্যক্ষ প্রফেসর শামীমা চৌধুরী অত্যন্ত প্রানবন্তভাবে কর্মশালাটি পরিচালনা করেন। সিলেট মহানগরীর ১১টি শিক্ষা প্রতিষ্ঠানের ১১জন শিক্ষক এবং ৪৪জন শিক্ষার্থীসহ মোট ৫৫জন শিক্ষক-শিক্ষার্থী কর্মশালায় সফলভাবে অংশগ্রহণ করেন।

**০৫। জেলায় বিশেষ প্রশিক্ষণ কর্মশালা আয়োজন :** বাংলাদেশ শিল্পকলা একাডেমির উদ্যোগে জেলায় বিশেষ প্রশিক্ষণ কর্মশালা আয়োজনের অংশ হিসেবে ১৫ থেকে ১৯ মে পর্যন্ত ৫ দিনব্যাপী যন্ত্রসংগীত (তবলা) কর্মশালার আয়োজন করা হয়েছে। ৫ দিনব্যাপী কর্মশালার সফল সমাপ্তির পর ১৯ মে বিকেলে কর্মশালাভিত্তিক প্রযোজনা নির্মাণ ও রেকর্ডিং করা হয়। কর্মশালায় ১৪ জন শিক্ষার্থী অংশগ্রহণ করেন। প্রশিক্ষকের দায়িত্ব পালন করেন জেলা শিল্পকলা একাডেমির তালবাদ্যযন্ত্র বিষয়ক প্রশিক্ষক পান্না দাস। অংশগ্রহণকারীরা হলেন প্রমিত নাগ, মেঘাদ্রী পাল, উৎস দে অয়ন, অমৃত দেব নাথ, নীহার রঞ্জন সিংহ, শান্তনু পাল নিলয়, অরবিন্দ দেব নাথ, শতাব্দী দাস, চেতনা ভট্টাচার্য্য, অর্নিষা দাস, অনন্যা দাস শ্রাবন্তী, ত্রিদিব দাশ, তন্ময় দাশ ও দিব্যাংশু দে শিখর।

[চলমান পাতা - ২]

০৬। ৩ দিনব্যাপী বিভাগীয় নাট্য নির্দেশনা কর্মশালা : মুজিব বর্ষ ও স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষে বাংলাদেশ শিল্পকলা একাডেমির আয়োজনে বাংলাদেশ গ্রুপ থিয়েটার ফেডারেশানের সহযোগিতায় এবং জেলা শিল্পকলা একাডেমি সিলেটের ব্যবস্থাপনায় আজ (২২ মে) সম্পন্ন হলো ৩ দিনব্যাপী সিলেট বিভাগীয় নাট্য নির্দেশনা বিষয়ক কর্মশালা। জেলা কালচারাল অফিসার অসিত বরণ দাশ গুপ্ত'র সভাপতিত্বে সমাপনী অনুষ্ঠানে সম্মানিত অতিথির বক্তব্য রাখেন বাংলাদেশ গ্রুপ থিয়েটার ফেডারেশানের সভাপতিমন্ডলীর সদস্য অনিরুদ্ধ কুমার ধর, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় পলিটিক্যাল স্টাডিজ বিভাগের অধ্যাপক ড. জহরুল হক শাকিল, বিশিষ্ট নাট্যকার ও সাহিত্যিক রুমা মোদক, বাংলাদেশ গ্রুপ থিয়েটার ফেডারেশানের সাংগঠনিক সম্পাদক জালাল উদ্দিন রুমি। নাট্য সংগঠক ও কর্মশালার স্থানীয় সমন্বয়কারী ধ্রুব জ্যোতি দে'র সঞ্চালনায় শুভেচ্ছা বক্তব্য রাখেন বাংলাদেশ গ্রুপ থিয়েটার ফেডারেশানের কেন্দ্রীয় কমিটির সদস্য জগদ্বীপ দাস তনু ও নাট্য সংগঠক মোতাহের হোসেন সোহেল। অংশগ্রহণকারীদের মধ্য থেকে অনুভূতি জ্ঞাপন করেন নাট্যকর্মী হাবিবুর রহমান শহীদ, তন্বী পাল, সামির পল্লব, ফখরুল হামিদ ও রুবেল মিয়া। ২০ মে থেকে শুরু হওয়া ৩ দিনব্যাপী বিভাগীয় নাট্য নির্দেশনা কর্মশালার প্রশিক্ষকের দায়িত্ব পালন করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের থিয়েটার এন্ড পারফরম্যান্স স্টাডিজ বিভাগের সহকারী অধ্যাপক ড. সুদীপ চক্রবর্তী। কর্মশালায় বাংলাদেশ গ্রুপ থিয়েটার ফেডারেশান সিলেট বিভাগের সদস্যভূক্ত নাট্য সংগঠনসমূহের অংশগ্রহণকারীগণকে সনদপত্র প্রদানের মধ্য দিয়ে আনুষ্ঠানিকতা সম্পন্ন করা হয়।

০৭। নজরুল জন্মবার্ষিকী উদ্যাপন : যথাযোগ্য মর্যাদায় জাতীয় কবি কাজী নজরুল ইসলামের ১২৩তম জন্মবার্ষিকী উদ্যাপিত হয়। নজরুল জন্মবার্ষিকী উদ্যাপন উপলক্ষে জেলা শিল্পকলা একাডেমি সিলেটের উদ্যোগে ২৫ মে বিকাল ৪টায় নগরীর পূর্ব শাহী ঈদগাহস্থ জেলা শিল্পকলা একাডেমি মিলনায়তনে কবির প্রতি শ্রদ্ধাঞ্জলি নিবেদন স্বরূপ গান, কথা, কবিতা ও নৃত্যের সমন্বয়ে আয়োজন করা হয় বিশেষ অনুষ্ঠান যার শিরোনাম ছিলো 'চির উন্নত মম শির'। জেলা কালচারাল অফিসার সিলেট অসিত বরণ দাশ গুপ্তের সভাপতিত্বে প্রধান অতিথির বক্তব্য রাখেন সিলেটের জেলা প্রশাসক মোঃ মজিবর রহমান। বিশেষ অতিথির বক্তব্য রাখেন বীর মুক্তিযোদ্ধা ও সাংস্কৃতিক ব্যক্তিত্ব ভবতোষ রায় বর্মণ ও বিশিষ্ট নজরুল সংগীতশিল্পী বিজন কান্তি রায়। এরপরপরই আবৃত্তিশিল্পী রোহেনা সুলতানার সঞ্চালনায় কবির রচিত গান, কবিতা এবং গানের সাথে নৃত্যের সমন্বয়ে সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয়। এতে জেলা শিল্পকলা একাডেমির সংগীত ও নৃত্য বিভাগ, একাডেমী ফর মণিপুরী কালচার এন্ড আর্টস, অনির্বান শিল্পী গোষ্ঠী, মৃত্তিকায় মহাকাল, ললিত মঞ্জরী ও নৃত্যরথ দলীয় পরিবেশনা উপস্থাপন করেন। একক সংগীত পরিবেশনায় ছিলেন বিজন রায়।

০৮। ৫ দিনব্যাপী ২০তম চারুকলা প্রদর্শনী ২০২১ আয়োজন : জেলা শিল্পকলা একাডেমির উদ্যোগে সিলেটে ২৫ মে থেকে শুরু হয় ৫ দিনব্যাপী ২০তম চারুকলা প্রদর্শনী ২০২১। বিকাল ৩:৩০টায় নগরীর পূর্ব শাহী ঈদগাহস্থ শিল্পকলা একাডেমি মিলনায়তনে প্রদর্শনীর উদ্বোধন করেন অনুষ্ঠানের প্রধান অতিথি সিলেটের জেলা প্রশাসক মোঃ মজিবর রহমান। প্রদর্শনীটি বরেণ্য চারুশিল্পী ও প্রশিক্ষক প্রয়াত অরবিন্দ দাস গুপ্তকে উৎসর্গ করা হয়। জেলা কালচারাল অফিসার অসিত বরণ দাশ গুপ্ত এর সভাপতিত্বে উদ্বোধনী পর্বে বিশেষ অতিথির বক্তব্য রাখেন বিশিষ্ট চিত্রশিল্পী ও সিলেট আর্ট কলেজের অধ্যক্ষ হ্যারল্ড রশীদ। আবৃত্তিশিল্পী রোহেনা সুলতানার সঞ্চালনায় আলোচনাপর্ব শেষে প্রদর্শনীতে অংশগ্রহণকারী চারুশিল্পীদের মধ্যে ৬টি ক্যাটাগরিতে ৬জন চারুশিল্পীকে পুরস্কৃত করা হয়। অংশগ্রহণকারী সকল প্রশিক্ষণার্থীদের মধ্যে প্রদর্শনী শ্রেষ্ঠ পুরস্কার অর্জন করেন যাকী হোসাইন, চারুকলা সাধারণ বিভাগে ১ম বর্ষ, ২য় বর্ষ ও ৩য় বর্ষ শ্রেষ্ঠ পুরস্কার অর্জন করেন যথাক্রমে সাগর দাস, তাহসিব তানভীর চাঁদ ও সৈয়দা রাইদা সাবাহাত দিয়ানাহ এবং শিশু বিভাগে ১ম ও ২য় বর্ষ শ্রেষ্ঠ পুরস্কার অর্জন করেন যথাক্রমে তাজবীদ রহমান আয়ান ও রুদ্র রায় রাজ। জলরং; তৈল রং; প্যাস্টেল; পেন স্কেচ; পেন্সিল স্কেচ; এ্যাক্রেলিক; কালার পেন্সিল; পোস্টার কালার ও রংপেন্সিল মাধ্যমে একাডেমির চারুকলা বিভাগের প্রশিক্ষণার্থীদের অংকিত বঙ্গবন্ধু; মুক্তিযুদ্ধ; ভাষা আন্দোলন; ইতিহাস-ঐতিহ্য ও সংস্কৃতি; গ্রামবাংলার দৃশ্যপট; প্রকৃতি; বিখ্যাত মণীষী ইত্যাদি বিষয়ের ৮৫জন চারুশিল্পীর ১০০টি চিত্রকর্ম প্রদর্শনীতে স্থান পেয়েছে। প্রদর্শনীর উদ্বোধনী দিনে উপস্থিত দর্শনার্থীদের সংখ্যা ছিল লক্ষ্যণীয়। প্রতিদিন সকাল ১১টা থেকে সন্ধ্যা ৭টা পর্যন্ত সকলের জন্য উন্মুক্ত এই প্রদর্শনীটি শেষ হয় ২৯ মে।

০৯। প্রশিক্ষণ সংক্রান্ত কার্যক্রম : বাংলাদেশ শিল্পকলা একাডেমি প্রণীত প্রশিক্ষণকেন্দ্র পরিচালন নীতিমালা ও নির্ধারিত পাঠ্যক্রমের আলোকে সিলেট জেলা শিল্পকলা একাডেমির বছরব্যাপী নিয়মিত কার্যক্রম সংগীত, নৃত্য, নাটক, তালবাদ্যযন্ত্র, চারুকলা ও আবৃত্তি বিষয়ে শিশু ও সাধারণ বিভাগের আওতায় শিক্ষার্থীদের প্রশিক্ষণ প্রদান করা হয়। স্বাস্থ্যবিধি মেনে ২৪ ফেব্রুয়ারি ২০২২ থেকে নতুন বছরের প্রশিক্ষণ ক্লাস অনুষ্ঠিত হচ্ছে।

[চলমান পাতা - ৩]

**১০। লাইব্রেরী সংক্রান্ত কার্যক্রম :** জেলা শিল্পকলা একাডেমিতে একটি সুসজ্জিত লাইব্রেরি রয়েছে। লাইব্রেরিটিতে বর্তমানে পাঠকদের পড়ার জন্য সর্বমোট **১১৪২**টি বই রয়েছে। পাশাপাশি বিক্রির জন্য শিল্প-সাহিত্য-সংস্কৃতির বইও রয়েছে। জেলা শিল্পকলা একাডেমির প্রশিক্ষণার্থী, প্রশিক্ষণার্থীদের অভিভাবক ছাড়াও এখানকার শিল্পী-সংস্কৃতিকর্মী এবং শিক্ষার্থীরা নিয়মিত লাইব্রেরিতে বই পড়তে আসেন। শুধুমাত্র বই পড়া কার্যক্রমের মধ্যে সীমাবদ্ধ না থেকে এর আওতায় নিয়মিত মাসিক পাঠচক্রেরও আয়োজনা করা হয়। স্বাস্থ্যবিধি মেনে সুষ্ঠুভাবে এই কার্যক্রমটি পরিচালিত হচ্ছে।

সংযুক্ত :
১. ৫৫ কপি ছবি (সফট কপি)।
২. ৭ পেপার কাটিং টি।

০৫/০৭/২০২২

(অসিত বরণ দাশ গুপ্ত)
জেলা কালচারাল অফিসার
সিলেট
ফোন : ০৮২১-৭১৯০৫৮
sylhet@shilpakala.gov.bd

মহাপরিচালক
বাংলাদেশ শিল্পকলা একাডেমি
সেগুনবাগিচা, রমনা, ঢাকা।

অনুলিপি : সদয় অবগতির জন্য
১. জেলা প্রশাসক ও সভাপতি, জেলা শিল্পকলা একাডেমি, সিলেট।